

নাম চেনাতে উদ্যোগী

নিজস্ব সংবাদদাতা

উত্তরপাড়া: এক সময়ের কোনও বিশিষ্ট মানুষের নামে রাখা হয়েছিল রাস্তার নাম। অথচ, বর্তমান প্রজন্ম সেই মানুষটিকে চেনেই না। সেই মানুষগুলিকে চেনানোর কাজ শুরু করল উত্তরপাড়া পুরসভা।

বিশিষ্ট মানুষের ছবি এবং কাজের পরিধি তাঁর এখনকার অত্মীয় পরিজনদের থেকে সংগ্রহ করছেন পুর কর্তৃপক্ষ। তারপর রাস্তায় ছবি-সহ সেই বিশিষ্ট মানুষটির পরিচিতি লিপিবদ্ধ করা হবে। পুরপ্রধান দিলীপ যাদবে বক্তব্য, “অতীতের বিশিষ্ট মানুষের কথা নবীন প্রজন্মকে জানাতে এবং তাঁদের কাজকে সম্মান জানাতেই এই উদ্যোগ।”